

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৬১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টি)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - শুফ্'আহ্

بَابُ الشُّفْعَةِ

### আরবী

عَنْ جَابِرٍ قَالَ: قَضَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالشُّفْعَةِ فِي كُلِّ مَا لَمْ يُقْسَمْ فَإِذَا وَقَعَتِ الْحُدُودُ وَصَرُفَتِ الطُّرُقُ فَلَا شُفْعَة. رَوَاهُ البُخَارِيِّ

#### বাংলা

শুফ্'আহ্ হলো ব্যক্তির মালিকানার মধ্যে সংযুক্ত একটি মালিকানার নাম। এটা মূলত 'আরবদের উক্তি-(کَانَ وِتْرًا) অর্থাৎ- ''সে বেজোড় ছিল, অতঃপর অন্যের মাধ্যমে তাকে জোড়ে পরিণত করেছি। আমি তার জোড়া নির্ধারণ করেছি।'' এ থেকে গৃহীত। অর্থাৎ- অংশীদার হওয়ার কারণে স্থাবর সম্পত্তির বিক্রি হওয়ার সময় তা ক্রয়ের অগ্রাধিকার লাভ। শা'বী (রহঃ)-এর মতে,

مَنْ بيعَتْ شُفْعَتُه وَهُوَ حَاضِرٌ فَلَمْ يَطْلُبْ ذَٰلِكَ فَلَا شُفْعَةَ لَه

অর্থাৎ- যার শুফ্'আহ্ বিক্রি করা হবে, এমতাবস্থায় সে উপস্থিত থেকে তা দাবী না করলে তার কোনো শুফ্'আহ্ নেই। (মিরকাতুল মাফাতীহ)

২৯৬১-[১] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুফ্'আহ্-এর বিষয়ে ফায়সালা করেছেন সেসব (স্থাবর) সম্পত্তিতে, যা ভাগ-বন্টন করা হয়নি। যখন সীমানা নির্ধারিত হয় ও পথ পৃথক করা হয়, তখন শুফ্'আহ্ নেই। (বুখারী)[1]

# ফুটনোট

[1] সহীহ: বুখারী ২২১৩, আবূ দাউদ ৩৫১৪, তিরমিয়ী ১৩৭০, ইবনু মাজাহ ১৪৯৯, আহমাদ ১৪১৫৭, সহীহ আল জামি' ৮৩৮।



## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِذَا وَقَعَتِ الْحُدُودُ) যখন বন্টনের মাধ্যমে সীমানা নির্ধারিত হয়। ইবনুল মালিক বলেনঃ অর্থাৎ যখন নির্দিষ্ট করা হয় এবং বন্টনের ফলে আইল বা খুঁটি দ্বারা তা প্রকাশ করা হয়।

(وَصُرُفَتِ الطُّرُقُ) রাস্তা পৃথক করা হয়। ইবনুল মালিক বলেনঃ অর্থাৎ একত্র অবস্থা থেকে মুক্ত হয়ে তা পৃথকভাবে প্রকাশ পায়। (ফাতহুল বারী ৪র্থ খন্ড, হাঃ ২২৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন